দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 28 1999 ...

পৃষ্ঠা ৩ কলাম ৬

54

# কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ড

## জিয়া বিমানবন্দরে মাদ্রাসা ভেঙ্গে দিয়ে ছাত্র-শিক্ষকদের উৎখাতের নিন্দা

প্রেস বিজ্ঞপ্তি ঃ জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর জামে মসজিদ কমপ্লেক্স 'বাবুস সালাম মাদ্রাসাটি' ভেঙ্গে দিয়ে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের জোরপূর্বক উৎখাত করার কঠোর নিন্দা জানিয়ে কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ডের মহাসচিব মাওলানা আবদুল জব্বার গতকাল 'এক' বিবৃতি দিয়েছেন। মাওলানা আবদুল জব্বার বলেন, মাদ্রাসা শিক্ষাবিরোধী বর্তমান সরকারের মদদপুষ্ট একটি চক্র মাদ্রাসা ও মসজিদ নির্মাণে পূর্ব থেকে বাধার সৃষ্টি করে আসছিল। তারাই গত ২৫ জুলাই মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের উপর অতর্কিত হামলা করে আনছার ও লাঠিয়াল বাহিনীর সহযোগিতায় ছাত্র-শিক্ষকদের জোরপূর্বক বের করে দেয়।

বোর্ড মহাসচিব আগামী ৪৮ ঘন্টার মধ্যে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের পুনর্বহাল করে সুষ্ঠুভাবে ইলমেদ্বীন শিক্ষার ব্যবস্থা করার জন্য সরকার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের প্রতি আহবান জানিয়েছেন।

অন্যথায় যেকোন পরিস্থিতির জন্য সরকার ও সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়ী থাকতে হবে।

বেফাকের মহাসচিব সকল, সরকারী, বেসরকারী মাদ্রাসা, আলিম-উলামা, মসজিদসমূহের ইমামগণ ও সর্বস্তরের ধর্মপ্রাণ মুসলমানদের এ ব্যাপারে সোচ্চার হওয়ার আহবান জানিয়েছেন।